অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/3/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে আগামী সপ্তাহে ক্যাসিনোগুলোকে সীমিত ধারণক্ষমতা সহিত পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে।

মুখাবরণ, সামাজিক দুরত্ব বজায় রাখা এবং অন্যান্য নিরাপত্তা প্রোটোকল মেনে চলা সব সময় প্রয়োজন হবে

ক্যাসিনোগুলি খোলার আগে তাদের অবশ্যই বর্ধিত এয়ার ফিল্ট্রেশন, ভেন্টিলেশন এবং শুদ্ধিকরণের মান নিশ্চিত করতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করলেনন যে ক্যাসিনো এবং ভিডিও লটারি টার্মিনাল ফ্যাসিলিটিগুলিকে 9ই সেপ্টেম্বর থেকে 25 শতাংশ দখলদারিত্বের সহিত পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে। যে সকল স্থানগুলি পুনরায় খুলতে চায় তাদের কঠোর নিরাপত্তা প্রোটোকল মেনে চলতে হবে, যার মধ্যে রয়েছে খাওয়া বা মদ্যপান করার সময় বাদে কঠোরভাবে মুখের আবরণের ব্যবহার প্রয়োগ করা, সামাজিক দূরত্ব বজায় রাখা, ভিড় এড়ানোর জন্য লোকসংখ্যা, ট্রাফিক প্রবাহ এবং বসার জায়গা নিয়ন্ত্রণ করতে অতিরিক্ত কর্মীদের নিয়োগ করা এবং বর্ধিত পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকল। এছাড়াও ক্যাসিনোগুলিকে খোলার আগে অবশ্যই এয়ার ফিল্ট্রেশন, ভেন্টিলেশন এবং শুদ্ধিকরণের মান বাড়াতে হবে।

"নিউ ইয়র্কবাসীরা একটি অসাধারণ কাজ করেছে – আমরা কার্ভটিকে এমনভাবে সমতল করেছি যেটি কোনো বিশেষজ্ঞরা সম্ভব বলে মনে করেনি," **গভর্নর কুওমো বলেছেন।** "আমরা সিদ্ধান্ত নিয়েছি যে আমরা বর্ধিত এয়ার ফিল্ট্রেশন এবং বাধ্যতামূলক মুখের আবরণ এবং সামাজিক দূরত্বের মতো কঠোর নিরাপত্তা প্রোটোকল প্রয়োগ করে নিরাপদে ক্যাসিনোগুলি পুনরায় খুলতে পারব। এটি একটি সুখবর এবং আমাদের ডেটা-চালিত, পর্যায়ক্রমে পুনরায় খোলার সঠিক পরবর্তী পদক্ষেপ যা কাজ করছে।"

ক্যাসিনোগুলিকে অবশ্যই অপারেটিং মেশিনগুলির মধ্যে ছয় ফুট দূরত্ব বজায় রাখতে হবে। কোনো টেবিল গেম অনুমোদিত হবে না যতক্ষণ না ক্যাসিনোগুলি খেলোয়াড়দের মধ্যে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করার ব্যবস্থা করেন এবং গেমিং কমিশন দ্বারা সেগুলি অনুমোদিত হয়। গেমিং ফ্লোরে কোনো পানীয় বা খাদ্য পরিষেবা অনুমোদিত হবে না। ক্যাসিনোগুলিকে পর্যবেক্ষণ করতে এবং এই সকল পদক্ষেপগুলি কঠোরভাবে প্রয়োগ করা হচ্ছে তা নিশ্চিত করতে রাজ্য গেমিং কমিশন (State Gaming Commission) মোতায়েন করা হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন